FEB. 05 2002

দৈনিক ইনকিলাব

# মাদ্রাসা নিয়ন্ত্রণের সরকারী নীতির প্রতিবাদে কলিকাতায় হাজার হাজার মুসলমানের বিক্ষোভ

এএফপি/বিবিসি ঃ পশ্চিমবঙ্গের মাদ্রাসাগুলো নিয়ন্ত্রণের ব্যাপারে রাজ্যের কমিউনিস্ট সরকারের পরিকল্পনার বিরুদ্ধে গতকাল সোমবার কলিকাতায় প্রচণ্ড বিক্ষোভ হয়েছে। বিপুলসংখ্যক মাদ্রাসা ছাত্রের পাশাপাশি হাজার হাজার মুসলমান এতে অংশ নেন। এই বিক্ষোভের নেতৃত্ব দেন দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ প্রাচীন মাদ্রাসা দারুল উলুম দেওবন্দের প্রিন্সিপাল ক্বারী মোহাম্মদ ওসমান ও জমিয়তে ওলামা হিন্দ-এর সর্বভারতীয় সভাপতি মাওলানা আসাদ মাদানী।

পশ্চিমবঙ্গের বামপন্থী সিপিএম দলের নেতৃত্বাধীন কোয়ালিশন সরকার রাজ্যের মুসলিম নেতৃবৃন্দের সাথে আলোচনার জন্য আগামী ৭ ফেব্রুয়ারী বৈঠক ডেকেছে। বেসরকারী মাদ্রাসাগুলোর ব্যাপারে সরকারের মনোভাব এই বৈঠকে জানানো হবে বলে সরকারের পক্ষ থেকে উল্লেখ করা হয়। এছাড়া মাদ্রাসাগুলোর ওপর নিয়ন্ত্রণ আরোপের উপায় নিয়ে আলোচনার জন্য শিগগিরই সরকারী নেতৃবৃন্দ বৈঠকে বসছেন বলে জানা যায়।

এদিকে রাজ্যের সংখ্যালঘু উন্নয়ন ও কল্যাণমন্ত্রী মোহাম্মদ সেলিম বলেন, মাদ্রাসাগুলোতে সন্দেহভাজন চরমপন্থীরা আশ্রয় নিচ্ছে বলে গোয়েন্দা রিপোর্ট রয়েছে। তিনি জানান, সীমান্ত সংলগ্ন মুসলিম প্রধান গ্রামগুলোর ওপর কড়া নজর রাখা হচ্ছে।

গতকাল কলিকাতার রাস্তায় মিছিলকারীরা

৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## কলিকাতায় বিক্ষোভ

প্রথম পৃষ্ঠার পর

সরকারকে ধর্মীয় শিক্ষায় হস্তক্ষেপের ব্যাপারে সতর্ক করে দেয়। তাদের দাবী, মাদ্রাসায় সন্ত্রাসী কার্যকলাপ হচ্ছে, এটা সরকারকে আগে প্রমাণ করতে হবে।

বিক্ষোভকারীদের সমাবেশে বক্তৃতাকালে জনাব আসাদ মাদানী বলেন, ধর্মীয় শিক্ষা আমাদের মৌলিক অধিকার। এই অধিকার কেউ ছিনিয়ে নিতে পারবে না।